

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
যারা ঈমান আনার পর অস্বীকার করেছে এবং অস্বীকৃতিতে বৃদ্ধি ঘটেছে, কস্মিন্কালাও তাদের তওবা কবুল করা হবে না। আর তারা হলো গোমরাহ।
সূরা আল ইমরান- ৯০

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ৩০ অক্টোবর ২০২৬ ॥ ১৮ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ১৪ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীক, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
শ্রীশ্রীশ্রী সিমেন্ট
ইস্রাইলের মরুভূমি থেকে



সেবা : ০২৯৯০০৬৬৬৬৬৬, ০২৯৯৯০২৭৭০৪



কার্যক্রম নিষিদ্ধ আ.লীগকে রাজনীতিতে ফেরার সুযোগ দেবে না জনগণ: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের রাজনীতিতে ফেরার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমাদ বলেছেন, আওয়ামী ২ এর পাতায় দেখুন



এমপি-মন্ত্রীর সন্তানদের হাতে বিএনপির দুর্দিনের নেতাকর্মীরাও নিরাপদ নন

কীর্তনখোলা ডেস্ক

এমপি-মন্ত্রীদের সন্তানদের হাতে বিএনপির দুর্দিনের নেতাকর্মীরাও নিরাপদ নন বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক ২ এর পাতায় দেখুন



উত্তরায় তাহসিফ সৌরির জানাজা সম্পন্ন, ১২ নম্বর সেক্টরে দাফন

কীর্তনখোলা ডেস্ক

রাজধানীর উত্তরায় বিমানবাহিনীর সাবেক ফ্লাইট লেফটেন্যান্ট তাহসিফ সৌরির জানাজা সম্পন্ন হয়েছে। বৃহস্পতিবার ২ এর পাতায় দেখুন



ডেঙ্গুতে আরও ৬ মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৮৮৬ জন

কীর্তনখোলা ডেস্ক


দেশে ডেঙ্গু পরিস্থিতির অবনতি অব্যাহত রয়েছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু অক্রান্ত হয়ে সারাদেশে আরও ৬ জনের ২ এর পাতায় দেখুন

বরিশালে মোটরসাইকেলের ধাক্কায় আইনজীবীর মৃত্যু, আটক ১

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে হাটতে বেরিয়ে সড়ক পার হওয়ার সময় মোটরসাইকেলের ধাক্কায় সজল কুমার চক্রবর্তী (৬০) নামে এক আইনজীবী নিহত হয়েছেন। এ ঘটনায় মোটরসাইকেলের এক আরোহীকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছেন স্থানীয়রা। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) সকাল ৬টার দিকে নগরীর সদর রোডের জগন্নাথ মন্দিরসংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুল ইসলাম মনির। নিহত সজল কুমার চক্রবর্তী বরিশাল জেলা আইনজীবী সমিতির জ্যেষ্ঠ সদস্য। তিনি নগরীর কাশিপুর এলাকার বাসিন্দা এবং মৃত দক্ষিণারঞ্জন বিশ্বাসের ছেলে। বরিশাল জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক ও জ্যেষ্ঠ আইনজীবী মোখলেসুর রহমান বাচ্চু জানান, প্রতিদিনের মতো বৃহস্পতিবার সকালে হাটতে বের হন সজল কুমার। জগন্নাথ ২ এর পাতায় দেখুন

ইলিশ ধরতে গিয়ে নৌ-পুলিশের গুলিতে ঝাঁঝরা জেলের বুক



কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের হিজলায় মেঘনা নদীতে মা ইলিশ রফার অভিযানের সময় জেলেরদের সঙ্গে নৌ-পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় নৌ-পুলিশের ছোড়া গুলিতে আকতার হোসেন হাওলাদার নামে এক জেলে নিহত হয়েছেন। এ ছাড়া চার জেলে গুলিবিদ্ধ হন। তাদের বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে অভিযানের কথা স্বীকার করেছেন নৌ-পুলিশ। প্রত্যক্ষদর্শী জেলেরা বলছেন, নৌ-পুলিশই অভিযানের সময় গুলি চালিয়েছে। এতে ওই জেলের বুক ঝাঁঝরা হয়ে যায়। স্পিডবোটে এসে অভিযান চালিয়েছে তারা। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) ভোররাত ৫টার দিকে হিজলা উপজেলার গৌরবদী ইউনিয়নের শাওড়া অরাকুল মাছঘাট-সংলগ্ন মেঘনা নদীতে



জেলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রয়েছে বলে জানিয়েছে নৌ-পুলিশ। ঘটনার প্রত্যক্ষদর্শী জেলে আব্দুল ব্যাপারী জানিয়েছেন, বুধবার রাতে মেঘনা নদীতে ইলিশ শিকার করতে যান

এ ঘটনা ঘটে। নিহত আকতার হোসেন হাওলাদার (৪০) ওই উপজেলার মেমানিয়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের চর মেমানিয়া গ্রামের সুলতান হাওলাদারের ছেলে। বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টা পর্যন্ত নিহতের লাশ হিজলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রয়েছে বলে জানিয়েছে নৌ-পুলিশ। ঘটনার প্রত্যক্ষদর্শী জেলে আব্দুল ব্যাপারী জানিয়েছেন, বুধবার রাতে মেঘনা নদীতে ইলিশ শিকার করতে যান

জেলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রয়েছে বলে জানিয়েছে নৌ-পুলিশ। ঘটনার প্রত্যক্ষদর্শী জেলে আব্দুল ব্যাপারী জানিয়েছেন, বুধবার রাতে মেঘনা নদীতে ইলিশ শিকার করতে যান

নভেম্বর মাসে অপরিবর্তিত জ্বালানি তেলের দাম

কীর্তনখোলা ডেস্ক

নভেম্বর মাসের জন্য ডিজেল, অকটেন, পেট্রোল ও কেরোসিনের দাম অপরিবর্তিত রেখেছে সরকার। ফলে অক্টোবরের নির্ধারিত দামেই আগামী মাসে জ্বালানি তেল বিক্রি অব্যাহত থাকবে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) এক বার্তায় এ তথ্য জানায় বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ২০ সেপ্টেম্বরের প্রজ্ঞাপনে ভোক্তা পর্যায়ে জ্বালানি তেলের নতুন মূল্যহার নির্ধারণ করা হয়েছিল। সেই সিদ্ধান্ত অনুযায়ী, ডিজেলের দাম প্রতি লিটার ১৩৫ টাকা, অকটেন ১৬৫ টাকা ২ এর পাতায় দেখুন



সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

ভয়ংকর হয়ে উঠছে নিষিদ্ধ আওয়ামী লীগ

দেশের পরিস্থিতি আরো বেশি ভয়ংকর করে তুলছে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনগুলো। তারা বিভিন্ন স্থানে গুপ্ত হত্যা, পুলিশের ওপর হামলা, বিএনপি নেতাকর্মীদের খুনের মতো ঘটনা ঘটছে। ইতোমধ্যে তাদের সম্ভাবী রূপ প্রদর্শন করা করেছে। ডিসেম্বরে দেশে ফেরার একটা কুটিল দিলে পণ্ডিত পলাতক শেখ হাসিনা তার দেশে থাকা নেতা-কর্মীদের উকে দিচ্ছে। তাই তারা দেশের বিভিন্ন স্থানে খণ্ড খণ্ড মিছিল বের করেছে। এমন কি কয়েকটি স্থানে পুলিশের ওপর হামলা চালানোর মতো ধৃষ্টতাও দেখিয়েছে তারা। এমনকি সর্বশেষ শেখ হাসিনার পালানোর ছবি তোলা কর্মকর্তাকে হত্যা করে তারা তাদের শত্রু নিধনের বার্তা দিচ্ছে। পুলিশের ওপর হামলা চালিয়ে তারা পুলিশের মনোবল নষ্ট করার অপচেষ্টা করছে। তাদেরকে এখনই কঠোর হাতে দমন করতে না পারলে দেশ আরো বেশি অস্থিতিশীল হয়ে পড়বে। ডিসেম্বরকে কেন্দ্র করে তারা তাদের অপকর্ম আরো বেশি জোরদার করার আগেই তাদেরকে থামানো দরকার। গুপ্ত মিছিল মিটিংই নয়, তারা ২ এর পাতায় দেখুন

যুদ্ধের প্রভাবে পণ্যমূল্য বাড়তে পারে ২৩ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যের যুদ্ধ, জ্বালানি সরবরাহে বিঘ্ন এবং খাদ্যশস্য পরিবহনে বাধার কারণে ২০২৬ সালে বিশ্ববাজারে পণ্যমূল্য ২৩ শতাংশ বাড়তে পারে বলে পূর্বাভাস দিয়েছে বিশ্বব্যাংক। সংঘাতের আশঙ্কা, যুদ্ধের উত্তীর্ণতা বাড়লে এবং রাশিয়ার তেল অবকাঠামোর ক্ষতি অব্যাহত থাকলে পরিস্থিতি আরও খারাপ হতে পারে। বুধবার প্রকাশিত বিশ্বব্যাংকের সর্বশেষ প্রতিবেদনে বলা হয়েছে, এ বছর জ্বালানির দাম ৩২ শতাংশ বেড়ে ২০২২ সালে রাশিয়ার ইউক্রেনে আক্রমণের পর সরঞ্জাম পর্যায়ে পৌঁছাতে পারে। ব্রেন্ট ব্রুড তেলের গড় দাম ব্যারেলপ্রতি ৯২ ডলারে দাঁড়ানোর ২ এর পাতায় দেখুন

বিএনপি নেতাকে ত্রসফায়ার দেয়া ওসি-এসআই কারাগারে

কীর্তনখোলা রিপোর্ট

মাণ্ডারার শালিখায় বিএনপি নেতা মশিয়ার রহমান হত্যা মামলায় পিরোজপুরের ইন্দুরকানী থানায় কর্মরত উপপরিদর্শক (এসআই) ইসমাইল হোসেন ও পুলিশের সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) পিরোজপুরের পুলিশ সুপার মোহাম্মদ তালেবুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে বুধবার (২৮ অক্টোবর) মাণ্ডারার শালিখা আমলি আদালতে হাজির করা হলে বিচারক বর্ণালী রানী তাদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। পুলিশ সূত্রে জানা গেছে, থানায় কর্মরত অবস্থায় এসআই ইসমাইল হোসেনকে গ্রেফতার করা হয়। একই দিন বরিশাল নৌ-পুলিশে কর্মরত সাবেক ওসি বিপ্লব কুমার নাথ ও এসআই ইসমাইল হোসেনসহ নাথকেও গ্রেফতার করে মাণ্ডা জেলা গোয়েন্দা




পুলিশ (ডিবি)। তাঁরা দুজনই এ মামলার এজাহারভুক্ত আসামি। ইসমাইলের গ্রামের বাড়ি চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলায়। মামলার তদন্ত কর্মকর্তা ইঙ্গপেট্রর কামরুজ্জামান জানান, মামলার এজাহার অনুযায়ী, ২০১৫ সালের ১৫ ফেব্রুয়ারি কুমার নাথকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) পিরোজপুরের পুলিশ সুপার মোহাম্মদ তালেবুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে বুধবার (২৮ অক্টোবর) মাণ্ডারার শালিখা আমলি আদালতে হাজির করা হলে বিচারক বর্ণালী রানী তাদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। পুলিশ সূত্রে জানা গেছে, থানায় কর্মরত অবস্থায় এসআই ইসমাইল হোসেনকে গ্রেফতার করা হয়। একই দিন বরিশাল নৌ-পুলিশে কর্মরত সাবেক ওসি বিপ্লব কুমার নাথ ও এসআই ইসমাইল হোসেনসহ নাথকেও গ্রেফতার করে মাণ্ডা জেলা গোয়েন্দা

বিএম কলেজের ডিগ্রি হলে

মধ্য রাতে সিসি ক্যামেরা বন্ধ করে বহিরাগতদের হামলা চেষ্টার অভিযোগ

বিএম কলেজ প্রতিনিধি

সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের মহত্মা অশ্বিনী কুমার রাত ১০টায় হলের ডাইনিরয়ে এক মতবিনিময় সভার আয়োজন করেন হলের আবাসিক শিক্ষার্থীরা। সভা চলাকালে একপর্যায়ে হলের শিক্ষার্থীরা মিটিংয়ে বহিরাগত ছাত্রদল নেতাদের উপস্থিতি নিয়ে প্রশ্ন তোলে। এতে হলের শিক্ষার্থীদের সাথে বহিরাগতদের

লক্ষ্যে পূর্বঘোষিত ঘোষণা অনুযায়ী বুধবার (২৮ অক্টোবর) রাত ১০টায় হলের ডাইনিরয়ে এক মতবিনিময় সভার আয়োজন করেন হলের আবাসিক শিক্ষার্থীরা। সভা চলাকালে একপর্যায়ে হলের শিক্ষার্থীরা মিটিংয়ে বহিরাগত ছাত্রদল নেতাদের উপস্থিতি নিয়ে প্রশ্ন তোলে। এতে হলের শিক্ষার্থীদের সাথে বহিরাগতদের

সাথে কথা-কাটাকাটি ঘটনা ঘটে। অভিযোগ রয়েছে, মিটিংস্থল থেকে বেরিয়ে ছাত্রদের বহিরাগত নেতাকর্মীরা হলের দায়িত্বহীন কেয়ারটেকার মোবারক হোসেনের বানভবনে গিয়ে ইট-পাটকেল নিক্ষেপ করেন এবং জোরপূর্বক সিসিটিভি ক্যামেরা কন্ট্রোল রুমের চাবি ছিনিয়ে নেন। পরবর্তীতে সিসিটিভি ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: ঝালকাঠি সদর ও নালছিট, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, কলাপাড়া, কুয়াকাটা, ভোলা জেলা: ভোলা সদর তজুমদ্দিন, লালমোহন, মানপুরা, পিরোজপুর জেলা: পিরোজপুর সদর, নাজিরপুর ও বরিশাল জেলা: গৌরনদী, উজিরপুর ও বাণগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক, ০১৩০৪১৬৮৪১৯

জেলায় শ্রেষ্ঠ ভাঙরিয়া মজিদা বেগম

নিবাচিত হয়েছে ‘ভাঙরিয়া মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ’। এ উপলক্ষ্যে পিরোজপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন বিষয়ে শ্রেষ্ঠত্ব অর্জনকারীদের সম্মাননা ক্রেস্ট এবং সনদ বিতরণ করা হয়। গত বুধবার জেলা স্মেথলণ কক্ষে পুরস্কার বিতরণী সভায় ‘ভাঙরিয়া মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ জেলার শ্রেষ্ঠ কলেজ নিবাচিত হয়ে সম্মাননা ক্রেস্ট ও সনদ অর্জন করেছে। উল্লেখ্য; নারী শিক্ষার প্রসারে এবং দক্ষিণ জনপদের দরিদ্র মেধাবী নারী শিক্ষার্থীদের ব্যয়ে পড়া রোখে সারেক মন্ত্রী,এমপি এবং জাতীয় পার্টি– জেপির চেয়ারম্যান আনোয়ার হোসেন মঞ্জু তাঁর মহীয়সী মাতা মাজিদা বেগমের নামে ১৯৮৯সালে ব্যক্তিগত উদ্যোগে নির্মান করে ছিলেন।

২২ দিনের অপেক্ষা শেষে সাগরে

বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী। নিহত দেলোয়ার হোসেন বরিশাল সদর উপজেলার চরমোনাই ইউনিয়নের চরমোনাই গ্রামের জয়নাল খলিফার বেলে। প্রায় তিন মাস আগে তিনি পাথরঘাটায় এসে ট্রলারের জেলে শ্রমিক হিসেবে কাজ শুরু করেন। আহত বাচ্ছ পাথরঘাটা পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের কাজেম হাওলাদারের ছেলে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় বাসিন্দারা জানান, মা ইলিশ সংরক্ষণে ২২ দিনের নিষেধাজ্ঞা শেষ হওয়ায় মধ্যরাত্রে সাগরে মাছ ধরতে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন জেলারা। এ জায় এফবি সিমা-৩ ট্রলারটি ধোয়া-মোছা করছিলেন তারা। এ সময় খালের পাড়ের একটি ঘর থেকে সাবমারিনবল পাশ্প ঢালানোর জন্য বিদ্যুতের সংযোগ নেওয়া হয়। কাজ করার সময় দেলোয়ার বিদ্যুতের তারে জড়িয়ে বিদ্যুতায়িত হয়ে খালের পানিতে পড়ে যান। একই ঘটনায় বাচ্ছও বিদ্যুতায়িত হয়ে আহত হন। পরে স্থানীয় বাসিন্দারা খালে তল্লাশি চালিয়ে দেলোয়ারকে মৃত অবস্থায় উদ্ধার করেন। আহত বাচ্ছকে পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। ট্রলারের মালি জয়নাল হোসেন জানান, তারা প্রতি বছর জেলোদের দাদন দিয়ে ট্রলারে মাছ ধরতে নিয়ে যান। দেলোয়ারও বরিশালের চরমোনাই থেকে পাথরঘাটায় এসে দাদন নিয়ে ট্রলারের শ্রমিক হিসেবে কাজ করছিলেন। দৃঘটনার খবর তাঁর পরিবারকে জানানো হয়েছে। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আলীম বলেন, দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। মরদেহ উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। ময়নাতদন্তের জন্য মরদেহ বরগুনা সদর হাসপাতালের মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

বালকাঠিতে ৪৭ হাজার টাকার

খান পলাতক রয়েছেন বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় এসআই মো. হুমায়ুন কবির বাদী হয়ে হাসি আক্তার, কাওসার খান এবং অজ্ঞাতনামা আরও দুই থেকে তিনজনের বিরুদ্ধে বালকাঠি সদর থানায় বিশেষ ক্ষমতা আইনের ২৫এ(বি)/২৫ডি ধারায় মামলা করেনছেন। বালকাঠি জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হুমায়ুন কবির বলেন, ‘গোপন সবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ওই নারীকে আটক করা হয়েছে। এ ঘটনায় জড়িত অন্যদের পেগুরের চেষ্টা চলছে।

ক্ষতি পুষিয়ে ঘুরে দাঁড়ানোর আশায়

না পাওয়ারও শঙ্কা প্রকাশ করেছেন অনেক জেলে। ফলে কাক্ষিত মাছ না পেলে চলতি বছরেও বিগত দিনের ধারদেনা পরিশোধ করা নিয়ে শঙ্কা রয়েছে জেলেদের মধ্যে। ভোলা মৎস্য বিভাগ জানিয়েছে, গত ৭ অক্টোবর দিবাগত রাত ১২টা ১ মিনিট থেকে অর্থাৎ ৮ অক্টোবর থেকে শুরু হওয়া এ নিষেধাজ্ঞা শেষ হয়েছে বৃহস্পতিবার (২৯ অক্টোবর) দিবাগত রাত ১২টায়। এ সময়ে ভোলার মেঘনা নদীর ৯০ কিলোমিটার ও তেঁতুলিয়া নদীর ১০০ কিলোমিটারে মাছ ধরা, ক্রয়, বিক্রয়, পরিবহন, মজুদের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে সরকার। ফলে নিষেধাজ্ঞা শেষ হওয়ার খবরে উৎসারের আমেজ বইছে জেলে পাড়াগুলোতে। সরেজমিনে ভোলা সদর উপজেলার শিবপুর ভোলারখাল মেঘনা নদী-তীরবর্তী বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, নিষেধাজ্ঞা শেষ হওয়ার খবরে ব্যস্ততা বেড়েছে জেলেদের মধ্যে। সবাই নিরোছেন নদীতে যাওয়ার শেষ মুহুর্তের প্রস্তুতি। জেলে মো. জাকির, মো সাত্তার, মোস্তফা মলি ও নারার মলি বলেন, সরকারের ২২ দিনের অভিযান মেনে আমরা জাল-ট্রলার তীরে উঠিয়ে পেরেছিলাম। বৃহস্পতিবার মধ্যরাত্রে অভিযান শেষ হয়েছে, তাই পুনরায় জাল-ট্রলার নদীর তীরবর্তী এলাকা নিয়ে আগ্রহ প্রস্তুত করছি। অভিযান শেষে পুনরায় নদীতে যাব। যেহেতু নদীতে অভিযান চলাকালীন যাইনি, এতে কর্মহীন হওয়ায় অনেক ধারদেনা রয়েছে। আশা করি নদীতে গিয়ে বেশি পরিমাণ ইলিশসহ অন্যান্য মাছ পাবো, এতে বিগত দিনের দেনা শোধ করতে পারবো। তবে একই এলাকার জেলে মো. রফিক, কাঞ্চন ও ইলিয়াস অভিযোগ করে বলেন, ২২ দিনের নিষেধাজ্ঞার মধ্যে আমরা নদীতে না গেলেও প্রভাবশালীদের ছদ্মছায়ায় অসামুখ জেলেরা ঠিকই দিনে-রাত্রে নদীতে গিয়ে মা ইলিশ ধরছেন। এখন নিষেধাজ্ঞার পরে আমরা নদীতে গিয়ে কাক্ষিত মাছ পাবো বলে মনে হয় না। নিষেধাজ্ঞা বাস্তবায়ন হয়েছে শুধু আমাদের মতো গরিব জেলেদের জন্য। সীমিত জনবল ও পর্যাপ্ত সরকারি লজিস্টিক সাপোর্ট না থাকার পরও নিষেধাজ্ঞা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন বলে জানান ভোলা জেলা মৎস্য কর্মকর্তা মুহাম্মদ দেলোয়ার হোসাইন। তবে সাধারণ জেলোদের অভিযোগের পরিপেক্ষিতে নিষেধাজ্ঞার মধ্যেও অব্যাহ ইলিশ শিকারের অভিযোগকে ‘বিক্ষিপ্ত ঘটনা’ বলে দাবি তার। মৎস্য কর্মকর্তা বলেন, নিষেধাজ্ঞা সফল হওয়ায় মাছের উপাদান বাড়ার পাশাপাশি জেলেদের মুখে হাসি ফুটবে। মূল বিষয় হলো, ইলিশ আমাদের ঐতিহ্য, আর এই ঐতিহ্যকে ধরে রাখতে সবাইকেই কাজ করতে হবে। ভোলার ৭ উপজেলায় সরকারিভাবে নিবন্ধিত জেলে রয়েছেন ১ লাখ ৬৮ হাজার ৩৭০ জন। নিষেধাজ্ঞার ২১ দিনে আটকের পর জেল-জরিমানা করা হয়েছে প্রায় ২ শতাধিক অসামু জেলেকে। জন্ম করা হয়েছে ইলিশ, জাল ও নৌকা।

বাংলাদেশ কোস্টগার্ডে প্রশিক্ষণ

ফিলিপাইন, ভারত, কেনিয়া ও অস্ট্রেলিয়ার মোট আটজন বিদেশি প্রশিক্ষণার্থী অংশ নেন। এ ছাড়া বাংলাদেশ নৌবাহিনীর দুইজন এবং বাংলাদেশ কোস্টগার্ডের দুইজন সদস্যসহ সর্বমোট ১২ জন প্রশিক্ষণার্থী সফলভাবে কোর্সটি সম্পন্ন করেন। প্রথমবারের মতো আয়োজিত এ আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। অনুষ্ঠানে বাংলাদেশ কোস্টগার্ডের মহাপরিচালক রিয়ার আর্মিডারাল মে. মঈনুল হাসানসহ উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। কোস্টগার্ড আরও জানায়, এই প্রশিক্ষণের মূল লক্ষ ছিল অংশগ্রহণকারী কর্মকর্তাদের পেশাগত জ্ঞান বৃদ্ধি, নদী ও উপকূলীয় জলসীমায় অভিযান পরিচালনার দক্ষতা উন্নয়ন এবং মানবপাচার প্রতিরোধে সক্ষমতা জোরদার করা। একইসঙ্গে বিভিন্ন দেশের মধ্যে অভিজ্ঞতা ও তথ্য বিনিময়, পারস্পরিক সমন্বয় বৃদ্ধি এবং আঞ্চলিক সামুদ্রিক নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে এ কোর্স গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। অস্ট্রেলিয়ার নৌসদস্য লেফটেন্যান্ট লুক জেমস ওকলি বলেন, বাংলাদেশে

প্রশিক্ষণ নিয়ে আমাদের খুবই ভালো লাগছে। প্রশিক্ষণ সতিই দুর্দান্ত ছিল। কেনিয়ার প্রশিক্ষণার্থী লেফটেন্যান্ট কমান্ডার নাথান কিপটু কিপটারাস বলেন, বাংলাদেশ সতিই চমৎকার। এখানে এসে আমার খুব ভালো লাগছে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী বাংলাদেশ কোস্টগার্ডের প্রশিক্ষণ সক্ষমতা ও পেশাদারিত্বের প্রশংসা করেন। তিনি বলেন, দেশের সমুদ্রসীমা ও অভ্যন্তরীণ নৌপথের নিরাপত্তা নিশ্চিত করা, সামুদ্রিক সম্পদ সংরক্ষণ, আইনশৃঙ্খলা রক্ষা, মানবিক সহায়তা প্রদান এবং দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ কোস্টগার্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তিনি আরও বলেন, বর্তমানে বিশ্বে মানবপাচার, অবৈধ অভিবাসন, সামুদ্রিক অপরাধ ও আন্তঃদেশীয় নিরাপত্তা হুমকি মোকাবিলায় এ ধরনের আন্তর্জাতিক প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। এ ধরনের আয়োজনের মাধ্যমে অংশগ্রহণকারী দেশগুলোর মধ্যে অভিজ্ঞতা বিনিময় ও পারস্পরিক সহযোগিতা বাড়বে। পাশাপাশি আঞ্চলিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং আন্তঃদেশীয় অপরাধ দমনেও কার্যকর ভূমিকা রাখবে। স্বরাষ্ট্র সচিব বলেন, আন্তর্জাতিক পর্যায়ে এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কোস্টগার্ডের দক্ষতা, প্রশিক্ষণ সক্ষমতা ও পেশাদারিত্বের পরিচয় পাওয়া গেছে। একইসঙ্গে বহুপ্রতিম দেশগুলোর সঙ্গে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির পাশাপাশি আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ কোস্টগার্ড ও দেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়েছে। বাংলাদেশ কোস্টগার্ডের প্রশিক্ষণ কার্যক্রমে আন্তর্জাতিক মানে উন্নীত করা, দেশি-বিদেশি প্রশিক্ষণার্থীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক সহযোগিতা আরও সুদৃঢ় করার লক্ষ্যে ভবিষ্যতেও বিসিজি বেইস অগ্রযাত্রায় এ ধরনের আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স আয়োজন অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

পাঁচ বছর ধরে অচল বাকেরগঞ্জের

রয়েছে। সাধারণ মানুষকে পায়ে হেঁটে বুকি নিয়ে পারাপার হতে হচ্ছে। সেতুর কবাই ইউনিয়ন অংশে পশ্চিম শিয়ালগুনি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং দুখল ইউনিয়ন অংশে পূর্ব গোমা সরকারি প্রাথমিক বিদ্যালয়ও অবস্থিত। প্রতিদিন এসব বিদ্যালয়ের শিশু শিক্ষার্থীদের বুকিপূর্ণ সেতু পার হয়ে যায়গাত ক করতে হয়। স্থানীয়দের দাবি, ভাড়া অংশ দিয়ে পারাপারের সময় অসতর্কতায় প্রায়ই ছোট-বড় দুর্ঘটনা ঘটেছে। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্বেগ বিরাজ করছে। স্থানীয় শংকর কুন্ড বলেন, ‘সেতুটি দিয়ে কোনো ধরনের যানবাহন চলাচল করতে পারেন না। ফলে এলাকার কৃষকদের উপাদান কৃষিপণ্য হাটবাজারে নিতে অনেক কষ্ট হয়। অনেক সময় মাথায় করে পণ্য বহন করতে হয়। এই সেতুর কারণে সবচেয়ে বেশি দুর্ভোগে রয়েছেন শিক্ষার্থী ও কৃষকেরা।’ গৃহবধু শেফালি বেগম বলেন, ‘মাচ্চারের ঝুলে পাঠিয়ে দুর্ভিক্ষীয় থাকতে হয়, কখন যে সেতু থেকে পড়ে ঘুটনা ঘটে। এলাকার কেউ অসুস্থ হলে সময়মতো হাসপাতালে নেওয়া সম্ভব হয় না। সেতুটি দিয়ে যানবাহন চলাচল বন্ধ থাকায় আমাদের চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে।’ স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বছরের পর বছর সেতুটি বেহাল অবস্থায় পড়ে থাকলেও সংস্কার বা পুনর্নির্মাণে দৃশ্যমান অগ্রগতি নেই। জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেও তারা কাক্ষিত সমাধান পাননি। দ্রুত সেতুটি সংস্কার বা পুনর্নির্মাণ করা না হলে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা করছেন তারা। এ বিষয়ে বাকেরগঞ্জ উপজেলা প্রকৌশলী হাসানইন আহমেদ বলেন, ‘ভাড়া সেতুটির বিষয়ে কয়েকটি প্রকল্পের তালিকায় প্রস্তাব দেওয়া হয়েছে। সরকারি বরাদ্দ ও সেতু নির্মাণের অনুমোদন পাওয়া গেলে নতুন করে সেতুটি নির্মাণকাজ শুরু করা হবে।’ তবে সেতুটি পুনর্নির্মাণের কাজ করে শুরু হবে, তা এখনো নিশ্চিত নয়। দ্রুত বরাদ্দ ও অনুমোদনের মাধ্যমে সেতুটি নির্মাণ করে শিক্ষার্থীরা সাধারণ মাটিরের নিরাপদ চলাচল নিশ্চিত করার দাবি জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

ধ্বংসস্তূপ থেকে উদ্ধার মুক্তাকে

যাওয়া রিসোর্টের ধ্বংসস্তূপ থেকে মুক্তার দেহাবশেষ উদ্ধার করে পুলিশ। গলায় থাকা লকটে দেখে তার পরিচয় শনাক্ত করেন খালী দেওয়ান ফয়লাল। ১৭ অক্টোবর ইনানীর টপটুপ রেজতা ভাঙে রিসোর্টে অগ্নিকাণ্ডের পর থেকে নিখোঁজ ছিলেন মুক্তা। তিনি ঢাকার সাতারের আঙলিয়ার স্বপ্নবিলাস নিরিবিলি স্কুলের শিক্ষিকা ছিলেন। দুই বান্ধবীর সঙ্গে কল্পবাজার বেড়াতে গিয়ে ওই রিসোর্টে উঠেছিলেন তিনি। অগ্নিকাণ্ডের পর অন্য নিহতদের পরিচয় শনাক্ত হলেও মুক্তার সন্ধান মিলছিল না। ডিএনএ পরীক্ষায় শনাক্ত হওয়া ১০ জকারে মরদেহের মধ্যেও তার দেহাবশেষ ছিল না। প্রিয়জনদের খোঁজে উৎকণ্ঠায় দিন কাটছিল পরিবারের সদস্যদের। অবশেষে নতুন করে তল্লাশি চালিয়ে ধ্বংসস্তূপ থেকে উদ্ধার করা হয়ে তার দেহাবশেষ। এ ঘটনায় অগ্নিকাণ্ডে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়ায় ১১ জনে। মুক্তার স্বামী দেওয়ান ফয়সালের অভিযোগ, শুরু কেকেই যথাযথভাবে তল্লাশি চালানো হলে হয়তো আরও আগেই তার সন্ধান পাওয়া যেত। উদ্ধারকাজে প্রশাসনের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন তারা। দীর্ঘ ১১ দিনের অপেক্ষার অবসান ঘটেছে। তবে যে মুক্তাকে ফিরে পাওয়ার আশায় ছিলেন স্বজনরা, তাকে ফিরতে হলো নিখর দেহাবশেষ হয়ে। দাদার কবরের পাশে চিহ্ননিদ্রায় শায়িত হলেন মুক্তা,রোখে গেলেন অজনসদনীকে এক গভীর শূন্যতা।

ছেলে-মেয়ে ঢাকায়, গ্রামের বাড়িতে

ঘরের কাছে গিয়ে ভেতর থেকে দরজা আঁকানো দেখে পুলিশে খবর দেন স্থানীয়রা। ঘটনার সত্যতা নিশ্চিত করে গৌরদীন মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেল জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে ভেতর থেকে বন্ধ করা দরজা ভেঙে বিহাযান পড়ে থাকা অবস্থায় বৃদ্ধের অর্ধগলিত মরদেহ উদ্ধার করে। ওসি আরও জানান, বৃদ্ধ খালেক ঘরে একাই বসবাস করতেন। তার এক কলে ও এক মেয়ে কর্মপত্রে ঢাকায় থাকেন। সুরতহাল শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানোর প্রস্তুতি চলেছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

জলবায়ু পরিবর্তনে দেশে স্বাস্থ্য খাতে

১.৫ থেকে ২.৪ শতাংশ। নলেজ হাব ইনসিটিউটের এক গবেষণা প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) ঢাকায় আয়োজিত নীতি-সংলাপে গবেষণাটি উপস্থাপন করেছেন প্রতিষ্ঠানের সভাপতি। মেলিওর ফাউন্ডেশন ও গ্লোবাল স্ট্র্যাটেজিক কমিউনিকেশনস কাউন্সিলের সহায়তায় গবেষণাটি হয়েছে। প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ সালে তাপের কারণে ২৯.২৫ বিলিয়ন সম্ভাব্য কর্মঘণ্টা নষ্ট হয়েছে, যা ১৯৯০ সালের ২.৪ গুণ। এর ৬৪ শতাংশ বেশি। এই কর্মঘণ্টার মূল্য ১৫.৮ বিলিয়ন ডলার। ২০২৩ সালে তাপের কারণে প্রায় ১৬ হাজার মৃত্যু হয়েছে বলে মডেলভিত্তিক হিসাবে দেখা গেছে, যার মূল্য ১.৪ থেকে ৭.৪ বিলিয়ন ডলার। ৬৪ ভাগের জন্যে মৃত্যুর জাতীয় কোনো নিবন্ধন নেই, নেই জাতীয় হিট-হেলথ পরিকল্পনাও। ২০২৪ সালে ৬ ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি তাপমাত্রার দিন ছিল ২৮টি, যা ৪৬ বছরের সর্বোচ্চ। ১৯৮০ থেকে ২০২৫ সালের মধ্যে গড় সর্বোচ্চ তাপমাত্রা দশকে প্রায় ০.৩ ডিগ্রি বেড়েছে। ৬৬ ভাগের নৈনিক তথ্য বিশ্লেষণে দেখা গেছে, অন্য জেলার চেয়ে ১ ডিগ্রি বেশি উষ্ণ জেলায় উদ্ভেদে উঠত ১৮ থেকে ২৪ শতাংশ বেশি, যার সর্বোচ্চ প্রভাব পড়ে ১৪ থেকে ২১ দিন পর। অর্থাৎ আবহাওয়া রোগীর দুই-তিন সপ্তাহ আগেই সংকেত দেয়, যা আগাম সতর্কতায় সুযোগ। ২৮ থেকে ৩০ ডিগ্রি তাপমাত্রায় সংক্রমণ সবচেয়ে বেশি। ২০২০ সালে ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন ভর্তি ও ১ হাজার ৭০৫ জনের মৃত্যু হয়। এখন ভর্তি রোগীর দুই-তিনগুণে চাকার বাইরে, কিন্তু মৃত্যুর ৫৭ থেকে ৬৪ শতাংশ ঢাকা সিটির হাসপাতালে। প্রতি

হাজার ভর্তিতে মৃত্যু ঢাকায় ৮ থেকে ৯, অন্যত্র ২ থেকে ৪। ভর্তির পর নারীর মৃত্যুবুকি পুরুষের ১৮ গুণ এবং ৬১ বা তার বেশি বয়সীদের বুকি শিশুদের ৪.৫ গুণ প্রতিবেদনে বলা হয়, জাতীয় অভিযোজন পরিকল্পনার ১১৩টি হস্তক্ষেপের মাত্র ৩টি সরাসরি স্বাস্থ্যসংক্রান্ত। জলবায়ু ট্রাস্ট ফান্ডের মাত্র ০.৫৮ শতাংশ গেছে স্বাস্থ্যসেবা বিভাগে। বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয় ২০২২-২৩ অর্থবছরে ৬৮ শতাংশ, ২০২৩-২৪ এ ৬৫ শতাংশ এবং ২০২৪-২৫ এ ২৪ শতাংশ। শোষণে বছরে ৯৯২ কোটি টাকার উন্নয়ন বরাদ্দের মাত্র ৩৭ কোটি টাকা খরচ হয়েছে। ২০২৬ সালের মার্চে গৃহীত স্বাস্থ্য জাতীয় অভিযোজন পরিকল্পনার (২০২৬২০৩১) বাজেট এখনো প্রকাশিত হয়নি। চলতি স্বাস্থ্যবায়ের ৭৯ শতাংশ বহন করে পরিবার, সরকারি স্বাস্থ্যায় জিডিপির মাত্র ০.৩১ শতাংশ। ২০২৩ সালে কশাদৃশ্যে প্রায় ২ লাখ ৬৩ হাজার মৃত্যু হয়েছে বলে মডেলভিত্তিক হিসাবে দেখা গেছে। ২০২৪ সালে গড় গিএম ২.৫ ছিল বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকার প্রায় ১৫ গুণ বলে গবেষণায় জানানো হয়। গবেষণায় ১২টি সুপারিশ রয়েছে। এর মধ্যে ২০২৭ সালের গ্রীষ্মের আগে হিট-হেলথ আকশন প্ল্যান, বর্ষার আগে ডেঙ্গুর আগাম সতর্কতা, জেলা হাসপাতালে গুরুতর ডেঙ্গুসেবা, প্রতি ত্রৈমাসিকে স্বাস্থ্যবায় প্রকাশ, ডিজিএইচএস ও আবহাওয়া অবিদগুরুতর যৌথ তথ্যভান্ডার উল্লেখযোগ্য। প্রথম ধাপে কল্পবাজার, বরিশাল, ময়মনসিংহ, কুড়িগ্রামসহ ১৬টি অগ্রাধিকার জেলায় পাইলট চালুর প্রস্তাব করা হয়েছে।

ফের মার্কিন হামলা হুলেও কয়েক মাস টিকে

এ তথ্য উঠে এসেছে। যুক্তরাষ্ট্রের এক কর্মকর্তা এ তথ্য জানিয়েছেন। ফলে যুদ্ধের কারণে ইরান উল্লেখযোগ্য অর্থনৈতিক ক্ষতির মুখে পড়লেও নতুন করে মার্কিন হামলা শুরু হলেই যে সংঘাত দ্রুত শেষ হবে, তার নিশ্চয়তা নেই। মার্কিন সামরিক কর্মকর্তাদের হিসাব অনুযায়ী, ইরানের স্টে ট্রান্স প্রশাসনের চলমান যুদ্ধে অক্টোবরের মার্কামারি পর্যন্ত যুক্তরাষ্ট্রের ব্যয় ৪৭ বিলিয়ন ডলার হাড়িয়েছে। মার্কিন সংবাদমাধ্যম দ্য ওয়াশিংটন পোস্টের পর্যালোচনা করা এক নথিতে এ তথ্য উঠে এসেছে। গত কয়েক সপ্তাহেই যুদ্ধের ব্যয় ২ বিলিয়ন ডলারের বেশি বেড়েছে। নথি অনুযায়ী, আট মাস আগে সংঘাত শুরুর পর থেকে মার্কিন বাহিনী প্রায় ২৯ বিলিয়ন ডলারের গোলাবামদ ব্যবহার করেছে। এ ছাড়া যুদ্ধজাহাজের অন্যান্য সামরিক গ্যারিটফর্ম ধ্বংস হওয়ার কারণে ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে ৬ বিলিয়ন ডলার। তবে এই হিসাবের মধ্যে মধ্যপ্রাচ্যে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটিগুলোর ক্ষয়ক্ষতি অন্তর্ভুক্ত করা হয়নি। বিশেষ করে পারস্য উপসাগরীয় অঞ্চলে মার্কিন স্থাপনাগুলো ইরানের ছেদন ও ব্যালিস্টিক ক্ষেপণাস্রোে হামলায় ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক অভিযান পরিচালনার দায়িত্বে থাকা ইউএস সেন্ট্রাল কমান্ড এই হিসাব তৈরি করেছে। ইরান যুদ্ধের আর্থিক ব্যয় নিয়ে এটি মার্কিন সরকার বাহিনীর সর্বশেষ এবং এখন পর্যন্ত সবচেয়ে বিস্তারিত মূল্যায়ন। এর আগে সেন্ট্রাল কমান্ড জানিয়েছিল, সেপ্টেম্বরের শুরুর দিক পর্যন্ত যুদ্ধে যুক্তরাষ্ট্রের ব্যয় হয়েছিল অন্তত ৪৩ দশমিক ৬ বিলিয়ন ডলার। যুদ্ধের ক্রমবর্ধমান ব্যয় মোটতে পেন্টাগনকে বিদ্যমান বাজেটের বিভিন্ন খাত থেকে কয়েক বিলিয়ন ডলার সরিয়ে নিতে হয়েছে। সংঘাতের কারণে সৃষ্ট অশ্রের ঘাটতি পূরণে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। যুদ্ধের প্রয়োজনে মার্কিন সামরিক বাহিনীকে দ্রুত বিপুলসংখ্যক সেনা ও সামরিক সরঞ্জাম মধ্যপ্রাচ্যে পাঠাতে হয়েছে এবং টানা কয়েক মাস ধরে সেগুলো সেখানে মোতায়েন রাখতে হয়েছে। সর্বশেষ হিসাব অনুযায়ী, সামরিক অভিযান পরিচালনা ও অব্যাহত রাখতে মার্কিন বিমানবাহিনীর ব্যয় হয়েছে প্রায় ৭ দশমিক ৬ বিলিয়ন ডলার। অন্যদিকে, হলবাহিনীর ব্যয় ২ বিলিয়ন ডলার এবং নৌবাহিনীর ব্যয় ১ দশমিক ৪৫ বিলিয়ন ডলার। গত ২৮ ফেব্রুয়ারি ট্রান্স প্রশাসন ও ইসরায়েলের যৌথ উদ্যোগে ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরু হয়। বিভিন্ন জনমত জরিপে দেখা গেছে, যুক্তরাষ্ট্রের জনগণের মধ্যে যুদ্ধটি ব্যাপকভাবে অজনপ্রিয় হয়ে উঠেছে। আগামী সপ্তাহের মধ্যবর্তী নির্বাচনে এটি অন্যতম প্রধান ইস্যু হিসেবে উঠে এসেছে। ইরানের হরমুজ প্রণালি বন্ধ করে দেওয়ার কারণে জ্বালানি তেল ও গ্যাসসহ বিভিন্ন পণ্যের দাম বেড়ে যাওয়ার ভোটারদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। যুদ্ধ শুরুর সময় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন, প্রায় পাঁচ সপ্তাহের মধ্যেই সংঘাত শেষ হয়ে যাবে। কিন্তু তার প্রশাসন এখনো এমন কোনো স্থায়ী যুদ্ধবিরতি নিশ্চিত করতে পারেনি, যার শর্তগুলো মার্কিন হস্তক্ষেপে অনুকূলে বলে প্রেসিডেন্ট মনে করেন। এ পরিস্থিতিতে মধ্যবর্তী নির্বাচনের পর ইরানে আবারও হামলা চালানোর হুমকি দিয়েছেন তিনি।

নির্বাচনি ব্যানার টাঙানো নিয়ে

ব্যানার লাগাতে গেলে আব্দুল খালেক সেলিম মোল্লার ভাইয়ের নেতৃত্বে তাদের ওপর হামলা চালানো হয়। এ ঘটনাকে কেন্দ্র করে দুপক্ষের মধ্যে হাওয়াহাতি ও উত্তেজনার সৃষ্টি হয়। তবে এ অভিযোগ অস্বীকার করে আব্দুল খালেক সেলিম মোল্লা জানান, ঘটনার সময় তিনি ঘটনাস্থলে উপস্থিত ছিলেন না। ফেসবুকের মাধ্যমে বিষয়টি দেখেছেন ও শুনেছেন। তার দাবি, এ ঘটনায় তার সমর্থকেরা হাতাহাতি ও উত্তেজনার সঙ্গে জড়িত ছিলেন না। মনপুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাজহারুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। তিনি দুই চেয়ারম্যান প্রার্থীর সঙ্গেও কথা বলেছেন। বর্তমানে পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে।



আমতলীতে উপজেলা নাগরিক প্ল্যাটফর্মের ত্রৈমাসিক সমন্বয় সভা

আমতলী প্রতিনিধি

নারীর অধিকার প্রতিষ্ঠা, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ এবং প্রান্তিক ও সুবিধাবঞ্চিত নারীদের কাছে সরকারি সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে বরগুনার আমতলীতে উপজেলা নাগরিক প্ল্যাটফর্মের ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় নাগরিক অংশগ্রহণ বৃদ্ধি, সরকারি সেবা গ্রািষ্ঠিতে বিদ্যমান প্রতিবন্ধকতা দূর করা এবং স্থানীয় জনগণের সমস্যা ও প্রত্যাশা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তুলে ধরতে গণশুনানি ও মতবিনিময় সভা আয়োজনের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। বুধবার (২৮ অক্টোবর) বিকেল ৩টায় আমতলী মহিলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন উপজেলা নাগরিক প্ল্যাটফর্মের সভাপতি মো. জাকির হোসেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রূপ কুমার পাল। সভা সঞ্চালনা করেন উপজেলা নাগরিক প্ল্যাটফর্মের সাধারণ সম্পাদক আবু জিহাদ। সভায় বক্তব্য রাখেন উপজেলা নাগরিক প্ল্যাটফর্মের সদস্য কাউসার মিয়া ও সবিতা রানী। যুব প্রতিনিধিদের পক্ষ থেকে বক্তব্য রাখেন মুক্তা রানী। এ ছাড়া প্ল্যাটফর্মের দুটি ইউনিয়ন থেকে আগত প্রতিনিধি জামাল মুখা ও হাফসা বেগম তাঁদের মতামত তুলে ধরেন। সভায় বক্তারা বলেন, স্থানীয় পর্যায়ে নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা গেলে সরকারি সেবার মানোন্নয়ন এবং সাধারণ মানুষের অধিকার প্রতিষ্ঠার পথ আরও সুগম হবে। বিশেষ করে নারী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সরকারি সেবা গ্রািষ্ঠিতে যেসব প্রতিবন্ধকতা রয়েছে, সেগুলো চিহ্নিত করে সমাধানের উদ্যোগ নিতে হবে। একই সঙ্গে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ, নারীর অধিকার সুরক্ষা এবং সামাজিক বৈষম্য দূর করতে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও নাগরিক সমাজের সমন্বিত ভূমিকা প্রয়োজন। সভায় উপজেলা নাগরিক প্ল্যাটফর্মের কার্যক্রমকে আরও গতিশীল, কার্যকর ও জনমুখী করার লক্ষ্যে নিয়মিত গণশুনানি ও মতবিনিময় সভা আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়। এসব আয়োজনের মাধ্যমে স্থানীয় জনগণের সমস্যা, দাবি ও প্রত্যাশা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সামনে তুলে ধরা হবে। পাশাপাশি সরকারি সেবা গ্রহণে সাধারণ মানুষ কী ধরনের সমস্যার মুখোমুখি হচ্ছেন, তা চিহ্নিত করে সমাধানের বিষয়ে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্ব দেওয়া হয়। এ ছাড়া আগামী ২৫ নভেম্বর ২০২৬ তারিখে নারীর প্রতি সহিংসতা বিলোপের আন্তর্জাতিক দিবস যথাযথ মর্যাদায় পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। দিবসটি উপলক্ষে নারীর প্রতি সব ধরনের সহিংসতা প্রতিরোধ, সমঅধিকার প্রতিষ্ঠা এবং সামাজিক সচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এ ক্ষেত্রে স্থানীয় জনগণ, যুবসমাজ ও সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করে সম্মিলিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়।

নেছারাবাদে ফ্রি চক্ষু

এবং ছানি ও নেত্রালী অপারেশনসহ পরবর্তী উন্নত চিকিৎসার জন্য ২৮ জন রোগীকে বাছাই করা হয়। এর মধ্যে ১৮ জন রোগী আগামী ৩০ অক্টোবর অপারেশনের জন্য বরিশালের ইম্পাহানি ইসলামিয়া চক্ষু হাসপাতালে যাবেন। ’শিবির আয়োজনে সার্বিক সহযোগিতা করায় বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন আয়োজকরা। ভবিষ্যতেও এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

বরিশালে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে

মহানগর যুবদলের সাধারণ সম্পাদক মাসুদ হাসান মামুন বলেন, যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ইতোমধ্যে বর্ণাঢ্য র্যালি, সাধারণ মানুষের চিকিৎসাসেবা প্রদান ও বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় আজ নদীতে মাছ অবমুক্ত করা হয়েছে। তিনি বলেন, ছোট জলাশয়ে মাছ অবমুক্ত করলে অনেক সময় মাছের স্বাভাবিক প্রজনন ব্যাধগ্রস্ত হয়। আবার মাছ পরিপূর্ণ আকার ধারণ করার আগেই ধরা পড়ে। কিন্তু নদী, খাল ও বিলের মতো বড় জলাশয়ে মাছ অবমুক্ত করা হলে সেগুলোর প্রজননের সুযোগ বাড়বে। এতে মাছের বংশবৃদ্ধির পাশাপাশি প্রাকৃতিক মৎস্যসম্পদের ভারসাম্য রক্ষায় ইতিবাচক ভূমিকা রাখবে। মাসুদ হাসান মামুন আরও বলেন, এ চিন্তা থেকেই নদীতে মাছ অবমুক্তকরণ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। পর্যায়ক্রমে মহানগর যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা এ কর্মসূচি অব্যাহত রাখবেন এবং মোটের মতস্যম্পাদ বৃদ্ধিতে ভূমিকা রাখবেন। তিনি বলেন, প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে যুবদলের বিভিন্ন মানবিক ও জনকল্যাণমূলক কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এসব কর্মসূচির মাধ্যমে তারেক রহমানের মানবিক বাংলাদেশ গড়ার প্রত্যয়ে যুবদলের নেতাকর্মীরা অগ্রণী ভূমিকা পালন করতে চান। কর্মসূচিতে বরিশাল মহানগর যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি মাসুদুর রহমান মাসুদ উপস্থিত ছিলেন। এ ছাড়া মহানগর যুবদলের সহসভাপতি আসাদুজ্জামান তৌহিদ ও আবু কায়সার নিশাত, সহসাধারণ সম্পাদক কামরুজ্জামান চপল ও শহিদুল ইসলাম, ১১ নম্বর ওয়ার্ড যুবদলের আহ্বায়ক হাক্করুর রশিদ, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক আরাহাত, প্রচার সম্পাদক মামুন খান গুয়াসি, দপ্তর সম্পাদক তরিকুল ইসলাম খান, এনায়েতের হোসেনসহ যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। ছবি: বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকীতে কীর্তনখোলা নদীতে মাছ অবমুক্ত করে বরিশাল মহানগর যুবদল।

কাঁঠালিয়ায় ৪০ গ্রাম গাঁজা

চলছে। আইনি প্রক্রিয়া শেষে তাঁকে আদালতে পাঠানো হবে।

বাউফলে সার্বিক আইনশৃঙ্খলা

(ইউএনও) সাহেব আহমেদ। সভায় বক্তব্য দেন বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম সিরাজ, উপজেলা বিমানপির সদস্যসচিব আপেল মাহমুদ ফিরোজ, বাংলাদেশ জামায়াতে ইসলামীর বাউফল পৌরসভার সাধারণ সম্পাদক নূরুল আমীন এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রতিনিধি রুহুল আমীন। সভায় উপজেলার সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, সাংবাদিক ও রাজনৈতিক নেতাদের নিরাপত্তা, শিক্ষাপ্রতিষ্ঠানে হামলার ঘটনা এবং নদ-নদী থেকে অজ্ঞাতপরিচয় ব্যক্তির মরদেহ উদ্ধারের বিষয়গুলো নিয়ে আলোচনা হয়। একই সঙ্গে জননিরাপত্তা নিশ্চিত করা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন মোহাম্মদ হাসান। সভায় আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে সংশ্লিষ্ট দপ্তরগুলোর মধ্যে সমন্বয় জোরদার এবং অপরাধ প্রতিরোধে কার্যকর উদ্যোগ নেওয়ার বিষয়েও আলোচনা হয়। উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট ব্যক্তিতা উপজেলার সার্বিক নিরাপত্তা পরিস্থিতি উন্নয়নে সমন্বিতভাবে কাজ করার ওপর গুরুত্ব দেন।

ফের মার্কিন হামলা হলেও কয়েক মাস টিকে থাকার খাদ্য-জ্বালানি মজুত আছে ইরানের

কীর্তনখোলা ডেস্ক

ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র নতুন করে সামরিক অভিযান শুরু করলে তার প্রভাব মোকাবিলায় তেহরানের হাতে এখনো কয়েক মাসের খাদ্য ও জ্বালানির মজুত রয়েছে। মার্কিন গোয়েন্দা সংস্থা সিআইএর সাম্প্রতিক কয়েকটি গোপন মূল্যায়নে ও এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ১১ শুক্রবার ১৩ অক্টোবর ২০২৬ ১৪ কার্তিক ১৪৩৩

জলবায়ু পরিবর্তনে দেশে স্বাস্থ্য খাতে বছরে ২১ বিলিয়ন ডলারের ক্ষতি

কীর্তনখোলা ডেস্ক

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশে স্বাস্থ্যখাতে বছরে প্রায় ২০.৭ বিলিয়ন মার্কিন ডলারের ক্ষতি হচ্ছে, যা দেশের জিডিপির ৪.৬ শতাংশ। এর ৯৮ শতাংশই তাপজনিত। অথচ জলবায়ু-প্রাসঙ্গিক বাজেটে স্বাস্থ্যখাত পায় মাত্র ৩ এর পাতায় দেখুন



বাংলাদেশ কোস্টগার্ডে প্রশিক্ষণ নিলেন ৮ বিদেশি নৌ-সদস্য

কীর্তনখোলা রিপোর্ট

কোস্টগার্ডের সদস্যরাও অংশ নেয়। প্রশিক্ষণ শেষে হাতে সনদপত্র তুলে দেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বেলা ১১টার দিকে কোস্টগার্ডের নৌসদস্যদের পাশাপাশি

বাংলাদেশ নৌবাহিনী ও কোস্টগার্ডের সদস্যরাও অংশ নেয়। প্রশিক্ষণ শেষে হাতে সনদপত্র তুলে দেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বেলা ১১টার দিকে কোস্টগার্ডের নৌসদস্যদের পাশাপাশি



জেলায় শ্রেষ্ঠ ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ

ভাণ্ডারিয়া প্রতিদিন

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উপলক্ষে 'গ্রন্থাগার ও পাঠাগারের কার্যক্রম পরিদর্শন', সৌন্দর্যবর্ধন ও নিরাপত্তা ব্যবস্থা, প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা, কলেজের শৃঙ্খলা ও নিরাপত্তা, উপস্থিতি, প্রশাসনিক কার্যক্রম ও নথিপত্রের সঠিক সংরক্ষণ, আয় ব্যয়ের স্বচ্ছতা ও আর্থিক শৃঙ্খলা, অভিভাবক সভা ও শিক্ষার্থীদের কল্যাণমূলক অর্জন এবং এইচ এস সি ও ডিগ্রি পরীক্ষার ফলাফলসহ সকল মাসনদর্শন বিবেচনায় পিরোজপুর জেলায় শ্রেষ্ঠ কলেজ ও এর পাতায় দেখুন

বাউফলে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আইনশৃঙ্খলা সভা

বাউফল প্রতিদিন

পটুয়াখালীর বাউফলে সাংবাদিক ও রাজনৈতিক নেতাদের হুমকি, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে হামলা এবং নদ-নদী থেকে অজ্ঞাতপরিচয় ব্যক্তি মরদেহ উদ্ধারের ঘটনায় সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) সকাল ১১টার উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এর পাতায় দেখুন

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএমভি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল। ০১৭১৩-৯৫০৯৪১ ০১৭১৩-১৬৯৮২৮

ছেলে-মেয়ে ঢাকায়, গ্রামের বাড়িতে মিললো বাবার অর্ধগলিত মরদেহ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের গৌরনদীতে বসন্তঘরের তালবন্ধ কক্ষ থেকে আদুল খালেক খন্দকার (৬০) নামের এক বৃদ্ধের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৮ অক্টোবর) রাত ১০টার দিকে উপজেলার

দক্ষিণ বিলুখাম এলাকা থেকে তার মরদেহটি উদ্ধার করা হয়। নিহত খালেক ওই গ্রামের মৃত হোসেন খন্দকারের ছেলে। স্থানীয় মাহিলাড়া ইউনিয়ন পরিষদের ৯ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য নূর আলম সরদার জানান, আদুল খালেক বিলুখাম

বাজারে বিভিন্ন দোকানে পানি সরবরাহ করে জীবিকা নির্বাহ করতেন। গত সোমবারের পর তাকে আর বাজারে দেখা যায়নি। বৃহবার সন্ধ্যায় প্রতিবেশীরা তার বসতঘরের পাশ দিয়ে যাওয়ার সময় তীব্র দুর্গন্ধ পান। সন্দেহ হলে ও এর পাতায় দেখুন

রিসোর্টে অগ্নিকাণ্ড ধ্বংসস্তূপ থেকে উদ্ধার মুক্তাকে দাদার কবরের পাশে দাফন

কীর্তনখোলা রিপোর্ট

কক্সবাজারের উখিয়ার ইনানী রিসোর্টে অগ্নিকাণ্ডে নিহত স্কুলশিক্ষক নাসরিন আক্তার মুক্তাকে গ্রামের বাড়িতে তার দাদার কবরের পাশে দাফন করা হয়েছে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) সকাল ১০টার পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার বেতমোর ইউনিয়নের খান বাড়ির পারিবারিক কবরস্থানে তাকে সমাহিত করা হয়। এর আগে সেখানে তার দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় স্বজন ও স্থানীয় মুসল্লিরা অংশ নেন। গত মঙ্গলবার (২৭ অক্টোবর) দুপুরে কয়েক ঘণ্টার তদ্বাশি শেষে ইনানীর পাটুয়ারটেও এলাকার পুড়ি ও এর পাতায় দেখুন



ইউনিয়নের হাজারো মানুষ, বিশেষ করে শিক্ষার্থীদের। সরেজমিনে দেখা যায়, কবাই ইউনিয়নের কুন্ডের হাট বাজারসংলগ্ন খালের ওপর নির্মিত সেতুটির দৈর্ঘ্য প্রায় ১০০ ফুট ও প্রস্থ ১০ ফুট। এটি কবাই ও দুধল ইউনিয়নের মানুষের যোগাযোগের গুরুত্বপূর্ণ মাধ্যম।

বালকাঠিতে ৪৭ হাজার টাকার জাল নোটসহ নারী আটক

কীর্তনখোলা রিপোর্ট

বালকাঠিতে ৪৭ হাজার টাকার জাল নোটসহ হাঙ্গি আক্তার (৩২) নামের এক নারীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। এ সময় তার স্বামীর বসতঘর থেকে জাল নোট ও একটি বাটন মোবাইল ফোন জব্দ করা হয়। তবে তার স্বামী মো. কাওসার খান (৩৫) পলাতক রয়েছে বলে জানিয়েছে পুলিশ। বৃহবার (২৮ অক্টোবর) রাত পোনে ১০টার দিকে সদর উপজেলার ৮ নম্বর ধানসিঁড়ি ইউনিয়নের ভাটরাবান্দা এলাকায় কাওসার খানের বসতঘরে অভিযান চালিয়ে হাঙ্গি আক্তারকে আটক করা হয়। জেলা গোয়েন্দা পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে এসআই মো. ছুমায়ুন কবিরের নেতৃত্বে ডিবি পুলিশের একটি দল ওই বাড়িতে অভিযান চালায়। এ সময় ৫০০ টাকার ৯২টি এবং ১ হাজার টাকার একটি জাল নোট উদ্ধার করা হয়। উদ্ধার করা নোটগুলোর মোট মূল্য ৪৭ হাজার টাকা। এ ছাড়া একটি বাটন মোবাইল ফোন জব্দ করা হয়। আটক হাঙ্গি আক্তার ভাটরাবান্দা এলাকার বাসিন্দা। এ ঘটনায় তার স্বামী কাওসার ও এর পাতায় দেখুন

২২ দিনের অপেক্ষা শেষে সাগরে যাওয়ার আগেই প্রাণ গেলো জেলের

কীর্তনখোলা রিপোর্ট

তানা ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে সাগরে মাছ ধরতে যাওয়ার প্রস্তুতি নিচ্ছেন জেলেরা। এরই মধ্যে ট্রলার খোয়া-খোয়ার কাজ করতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে দেলোয়ার হোসেন (৫০) নামে এক জেলের মৃত্যু হয়েছে। এ ঘটনায় বাচ্চু (৫০) নামে আরও এক জেলে আহত হয়েছেন। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে বরগুনার পাখরঘাটা উপজেলা সদর ইউনিয়নের বাদুরতলা খালে এ দুর্ঘটনা ঘটে। আনসার খানের মালিকানাধীন এফবি সিমা-৩ ট্রলারে কাজ করার সময় বিদ্যুতায়িত হন তারা। পরে খালের পানি থেকে দেলোয়ারের মরদেহ উদ্ধার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ও এর পাতায় দেখুন



বরিশালে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে কীর্তনখোলা নদীতে মাছ অবমুক্ত

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বরিশালে কীর্তনখোলা নদীতে মাছ অবমুক্তকরণ কর্মসূচি পালন করেছে বরিশাল মহানগর যুবদল। বৃহবার (২৯ অক্টোবর) বিকেলে নগরীর ৩০ গোডাউন এলাকার সেলফি রোডসংলগ্ন কীর্তনখোলা নদীতে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। বরিশাল মহানগর যুবদলের তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক মো. সাজ্জাদ হোসেন পাভেল এবং ১২ নম্বর ওয়ার্ড যুবদলের মুন্না আহম্মাক মো. ছুমায়ুন কবির টিয়ার উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচিতে বরিশাল ও এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.সি. ডি রবীন্দ্র

এমবিবিএস(চলচ্চিত্র ও ডিএমসি) এমবিপিইউএসএ ট্রেড ইন অরবিএস(আমেরিকা)বেইজিং(চীন) এনআইও(চলচ্চিত্র)কোম্পো ও প্রোডাকশন কোম্পানী ১৩৮ বিজয় ইন্সটিটিউট, ঢাকা ও এস.বি. ম্যাশনাল কনফারেন্স ও সেরাচি সেবা পদকপ্রাপ্ত

মাথা ব্যথা, প্রোকেমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ

বিভাগীয় প্রধান: সের. ই. বহনো প্রতিবেশন কর্তৃক হাসপাতাল (এক্স) বর্ডিনার সার্বিক এলাকায় মেডিকেল কন্সল্ট ও হাসপাতাল পরিচালনা

বরিশাল চেয়ার: মেঘা ডায়ালগনস্টিক ল্যাব

৪০ সের চেয়ার (মেডিকেল সার্জি) বর্ডিনার | পরিচালনা: ০১৭১৪০৯০৯০৯, ০১৭১৪০৯০৯০৯



গোলাম আযম আছলামের উদ্যোগে এবং বরিশালের ইম্পাহানি ইসলামিয়া চক্ষু ইনস্টিটিউট ও হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা এই শিবির পরিচালিত হয়। সকাল ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত চলা এই ক্যাম্পে ২১৯ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা দেওয়া হয়। ১০নং সারেকোঠা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদপ্রার্থী ও সাংবাদিক

বিশিষ্টাধির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com